# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmlad1@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ২৫৬৬ (১২৫০) তারিখঃ ২৫/০২/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য গঠিত ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় (বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩/০৪/২০২০) অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তিতে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের ১৩/০৪/২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ মোতাবেক অত্র বিভাগের বিগত ১৪/০৫/২০২০ ও ১১/১১/২০২০ তারিখের পত্রসূত্র নং- যথাক্রমে ১১৫৫(১২৫০) ও ১১৮৮(১২৫০) এর মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্ধকৃত (১৩৪.০০ + ১০৮.০০) = ২৪২.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী বন্টন করা হয়। এক্ষনে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ২৪২.০০ কোটি টাকার সাথে অতিরিক্ত আরও ১০০.০০ কোটি টাকা ২৩/০২/২০২১ তারিখের পত্র সূত্র নং-৭৯৪(৬) মূলে বরাদ্দ প্রদান করা হয়েছে। তদানুযায়ী এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর আওতায় অত্র ব্যাংকের জন্য নির্ধারিত মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (২৪২.০০ + ১০০.০০) = ৩৪২.০০ কোটি টাকা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বন্টন করা হলো। নতুন বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভাগওয়ারী সর্বমোট হিসাব নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ ভিত্তিক সিএমএসএমই ঋণ স্থিতি | ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা (১ম ধাপ) (১৩৪.০০ কোটি টাকার বিপরীতে) | লক্ষ্যমাত্রা (২য় ধাপ) (১০৮.০০ কোটি টাকার বিপরীতে) | লক্ষ্যমাত্রা (৩য় ধাপ) (১০০.০০ কোটি টাকার বিপরীতে) | মোট লক্ষ্যমাত্রা (৩৪২.০০ কোটি টাকার বিপরীতে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ২৬৪.১৪ | ২৭.০০ | ২৩.০০ | ২০.০০ | ৭০.০০ | ৩১/০৩/২১ এর মধ্যে বিতরণ যোগ্য। |
| ২. | ময়মনসিংহ | ১৬০.১৯ | ১৬.০০ | ১১.০০ | ১০.৫০ | ৩৭.৫০ | |
| ৩. | চট্টগ্রাম | ১৬৬.৯১ | ১৭.০০ | ১১.৫০ | ১১.৫০ | ৪০.০০ | |
| ৪. | খুলনা | ১০৬.৪৯ | ১০.০০ | ৮.০০ | ৮.০০ | ২৬.০০ | |
| ৫. | বরিশাল | ৪০.৭৫ | ৪.০০ | ৩.০০ | ৪.০০ | ১১.০০ | |
| ৬. | সিলেট | ১০০.৩২ | ১০.০০ | ৮.০০ | ৮.০০ | ২৬.০০ | |
| ৭. | কুমিল্লা | ২১৫.১৪ | ২২.০০ | ১৮.০০ | ১৫.০০ | ৫৫.০০ | |
| ৮. | ফরিদপুর | ১০৮.৮১ | ১০.০০ | ৮.০০ | ৮.৫০ | ২৬.৫০ | |
| ৯. | কুষ্টিয়া | ১৫০.০৯ | ১৫.০০ | ১০.৫০ | ১০.৫০ | ৩৬.০০ | |
| ১০. | এলপিও | ২৭.৮৯ | ৩.০০ | ৭.০০ | ৪.০০ | ১৪.০০ | |
| | | ১৩৪০.৭৩ | ১৩৪.০০ | ১০৮.০০ | ১০০.০০ | ৩৪২.০০ | |

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার সিএমএসএমই ঋণস্থিতি, পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে লক্ষ্যমাত্রা পুনঃবন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে পুনঃবন্টন করবেন। এছাড়া বিভাগীয় কার্যালয় স্ব স্ব অঞ্চলে এবং অঞ্চলসমূহ নিজ নিজ শাখাসমূহে নির্ধারিত সীমার মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃবিন্যাস করতে পারবেন। এভাবে বন্টনকৃত ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার তথ্য আগামী ২৮/০২/২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয় ঃ করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য গঠিত ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় (বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩/০৪/২০২০) অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তিতে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

০৩। আলোচ্য প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক ও অত্র বিভাগ হতে এতদসংক্রান্ত প্রয়োজনীয় নীতিমালা/সার্কুলার ইস্যু করা হলেও মাঠ কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ না করায় সুদ ভর্তুকী ও রি-ফাইন্যান্স এর আবেদন বাংলাদেশ ব্যাংক কর্তৃক যথাসময়ে নিষ্পত্তি করা যাচ্ছে না। ফলে, কাজের দীর্ঘসূত্রিতা তৈরী হচ্ছে এবং বাংলাদেশ ব্যাংক তথা সরকারের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এছাড়া ত্রৈমাস পরবর্তীতে চলতি মূলধন ঋণের সুদ পরিশোধের নির্দেশনা থাকলেও অত্র ব্যাংকের অধিকাংশ গ্রাহক তা পরিপালন করছে না বিধায় সুদ ভর্তুকী প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হচ্ছে। যথাসময়ে রি-ফাইন্যান্স ও সুদ ভর্তুকী সুবিধা প্রাপ্তির লক্ষ্যে নিম্নোক্ত বিষয়াবলী যথাযথভাবে পরিপালন করতে হবেঃ

ক) আলোচ্য প্রণোদনা প্যাকেজের ঋণ/বিনিয়োগ অনুমোদন, বিতরণ এবং পুনঃঅর্থায়ন সংক্রান্ত মাসিক বিবরণী পরবর্তী মাসের ০৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

খ) ত্রৈমাসিক ভিত্তিতে সুদারোপের ফলে সীমাতিরিক্ত স্থিতি পরবর্তী মাসের ০৩ কর্মদিবসের মধ্যে সমন্বয়/আদায়পূর্বক সুদ ভর্তুকী সংক্রান্ত প্রতিবেদন ০৫ কর্মদিবসের মধ্যে হালনাগাদ ব্যাংক হিসাব বিবরণীসহ প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে ;

গ) এসএমই ঋণের তিনটি উপখাতের মধ্যে আলোচ্য প্যাকেজের আওতায় ব্যবসা (ট্রেডিং) উপখাতে বিতরণের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় নতুন বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা ১০০.০০ কোটি টাকা শুধুমাত্র ম্যানুফেকচারিং ও সার্ভিস উপখাতে বিতরণ করতে হবে ;

ঘ) প্রণোদনা ঋণ বিতরণের নতুন লক্ষ্যমাত্রা এবং বিতরণকৃত ঋণ দৈনিক ভিত্তিতে ব্যাংকের মনিটরিং পোর্টালে আপডেট করতে হবে।

০৪। এমতাবস্থায়, করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য গঠিত ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের (বিকেবি'র অনুকূলে বরাদ্দকৃত ৩৪২.০০ কোটি টাকা) আওতায় বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩/০৪/২০২০ এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করে আগামী ৩১/০৩/২০২১ তারিখের মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

25/02/2021

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

সংযুক্তি: ০১ (এক) পাতা।

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ২০৬৩ (৪২৫০) তারিখঃ ২৫/০২/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

25/02/2021
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

সূত্র নং- এসএমইএসপিডি/কোভিড-১৯/৭০১(৪৪)/২০২০-২১/৭৯৪(৬)    তারিখ ঃ ২৩ ফেব্রুয়ারি, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস COVID-19 এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসই (CMSME) খাতে বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্যাকেজের আওতায় বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

০১। শিরোনামোক্ত বিষয়ে আপনাদের ২১/০১/২০২১ তারিখের পত্র নং বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-০৪/এসএমই-৭(৮)করোনা/২০২০-২১/১৭৭২ এর প্রেক্ষিতে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০,০০০কোটি টাকার সিএমএসএমই বিশেষ ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজের আওতায় আপনাদের ব্যাংকের জন্য পূর্ব নির্ধারিত লক্ষ্যমাত্রা ২৪২.০০কোটি টাকার বাইরে অতিরিক্ত ১০০.০০কোটি টাকাসহ সর্বমোট ৩৪২.০০কোটি (তিনশত বিয়াল্লিশ কোটি) টাকা পুনঃনির্ধারণ করা হয়েছে।

০২। উল্লেখ্য, আলোচ্য প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য এতদ্সংক্রান্ত প্রয়োজনীয় নীতিমালা/সার্কুলার ইস্যু করা হলেও আপনাদের ব্যাংক কর্তৃক সময়মত সুদ ভর্তুকী এবং রি-ফাইন্যান্স এর আবেদন প্রেরণ করা হয়নি। এমনকি, আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ না করায় সুদ ভর্তুকী ও রি-ফাইন্যান্স এর আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা যাচ্ছে না। ফলে, কাজের দীর্ঘসূত্রতা ও ব্যাক লগ তৈরী হচ্ছে। এছাড়া, ত্রৈমাস পরবর্তী ১০ কর্মদিবসের মধ্যে চলতি মূলধন ঋণের সুদ/মুনাফা পরিশোধের নির্দেশনা থাকলেও আপনাদের ব্যাংকের অধিকাংশ গ্রাহক তা পরিপালন করছে না বিধায় সুদ ভর্তুকী প্রদানে জটিলতা সৃষ্টি হচ্ছে।

০৩। ভবিষ্যতে প্রণোদনা প্যাকেজের আওতায় সুদ ভর্তুকী এবং রি-ফাইন্যান্স এর আবেদন ও এতদ্সংক্রান্ত দলিলাদি/কাগজপত্র যথাসময়ে অত্র অফিসে প্রেরণ এবং গ্রাহকদেরকে সময়মত সদু/মুনাফা পরিশোধে উদ্বুদ্ধ করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ কামরুল ইসলাম)
যুগ্ম পরিচালক
ই-মেইলঃ kamrul.islam@bb.org.bd